# Times Today BD

সিনিয়র রিপোর্টার | রাজনীতি | 08 May, 2025

লুটপাট দুর্নীতির সহ্য করতে না পেরে যারা আওয়ামী লীগ থেকে বেরিয়ে এসেছেন তারা বিএনপির সদস্য হতে পারবেন বলে জানিয়েছেন বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী।বৃহস্পতিবার (৮ মে) দুপুরে রাজধানীর নয়াপল্টনে দলের কেন্দ্রীয় কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে এ কথা জানান রিজভী।

অনেক তরুণ-মেধাবী সজ্জন ব্যক্তি বিএনপির সদস্য হতে আগ্রহী উল্লেখ করে বিএনপির এ নেতা বলেন, বিগত ফ্যাসিস্ট সরকারের আমলে গ্রেপ্তারের ভয়ে চাইলেও তারা সদস্য হতে পারেনি।অতীতে আওয়ামী লীগ করতো, তবে দলটির দুঃশাসন-লুটপাট সহ্য করতে না পেরে যারা ওই দল থেকে সরে এসেছে, তারা-ও সদস্য হতে পারবে।

তিনি আরও জানান, সদস্য পদ নবায়ন ও নতুন সদস্য সংগ্রহ কার্যক্রম আগামী ১৫ মে থেকে শুরু হবে, যা চলবে ১৫ জুলাই পর্যন্ত চলবে। প্রায় ১ কোটি নতুন সদস্য সংগ্রহের টার্গেট দলটির।

এ সময় চিকিৎসকদের বরাতে রুহুল কবির রিজভী জানান, বিএনপি চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়া ভালো আছেন।

বিএনপি মহাসচিব

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 13:44

URL: https://www.timestodaybd.com/public/politics/2138246260